তারিখ ... 22 JAN 2017
পৃষ্ঠা ৩..৬ কলাম ... ৪ ......

দৈনিক
ইত্তেফাক

# জাতীয় প্রাথমিক শিক্ষা পদক পেলেন সরাইলের ইউএনও

■ ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি

জাতীয় প্রাথমিক শিক্ষা পদক-২০১৬ পেয়েছেন সরাইলের উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) সৈয়দা নাহিদা হাবিবা। উপজেলা নির্বাহী কর্মকর্তা হিসেবে যোগদানের পর থেকেই সরাইল উপজেলার শিক্ষার মান উন্নয়নের জন্য তিনি কাজ করছেন। ব্রাহ্মণবাড়িয়া জেলায় সর্বপ্রথম সরাইল পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ে ডিজিটাল হাজিরা পদ্ধতি চালু করেন তিনি। বর্তমানে প্রাথমিক বিদ্যালয়গুলো সফটওয়্যারের মাধ্যমে ই-মনিটরিং কার্যক্রম শুরু করেছেন।

উদ্ভাবনী পাইলট প্রকল্প "ই-তদারকি: শিক্ষার্থী উপস্থিতি", সম্পন্ন করায় তিনি অর্জন করেছেন প্রধানমন্ত্রীর কার্যালয়ের এক্সেস টু ইনফরমেশন থেকে সম্মাননা সনদ। প্রথমে ব্রাহ্মণবাড়িয়া জেলায় এবং পরে চট্টগ্রাম বিভাগীয় পর্যায়ে তিনি শ্রেষ্ঠ উপজেলা নির্বাহী কর্মকর্তা নির্বাচিত হন। গত ১৫ অক্টোবর জাতীয় প্রাথমিক শিক্ষা পদক-২০১৬ এর আটটি বিভাগের শ্রেষ্ঠ উপজেলা নির্বাহী কর্মকর্তাদের লড়াইয়ে শ্রেষ্ঠত্ব অর্জন করেন সরাইল উপজেলা নির্বাহী কর্মকর্তা সৈয়দা নাহিদা হাবিবা।